Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৫ মাঘ ১৪৩২

DU in Media

19 January 2026

দৈনিক বাংলা

The Country Today



5-day Osman Hadi Memorial Book Fair begins at DU

DU Correspondent

The 5-day Shaheed Osman Hadi Memorial Book Fair, a joint initiative of Dhaka University Central Students' Union (DUCSU) and Dhaka University Young Columnists Forum, has started on Sunday at the Payra Square of the Student Teachers' Center. Dhaka University Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan inaugurated the book fair as the chief guest. The fair has been organized in collaboration with Aurora Specialized Hospital Limited.

The inaugural ceremony, chaired by DUCSU VP Sadiq Qayem, was attended by Dr. Md. Mahfuzur Rahman of Aurora Specialized Hospital Limited and DUCSU Liberation War and Democratic Movement Secretary and Inqilab Manch Dhaka University Branch convener Fatema Tasnim Juma, among others.

Continued to page 2

5-day Osman Hadi

DUCSU Literature and Cultural Secretary Mosaddiq Ali Ibne Mohammad and DUCSU leaders were also present.

Dhaka University Vice Chancellor Professor Dr. Niaz Ahmed Khan thanked those involved in organizing the book fair and said, such initiatives strengthen our relationship with the society. He said, Shaheed Osman Hadi always stood for justice and the oppressed and against hegemony. His murder is not just an attempt to kill an individual, but an ideology. We want to see justice for the murder of Shaheed Hadi as soon as possible.

It is mentioned that the Shaheed Osman Hadi Memorial Book Fair has been arranged with stalls from 22 publishing houses. The book fair will run from January 18 to 22. The fair will be open to everyone from 9 am to 9 pm every day.



ঢাবিতে 'শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা' উদ্বোধন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও ঢাকা বিশ্ববিদ্যালয় তরুণ কলাম লেখক ফোরামের যৌথ উদ্যোগে পাঁচ দিনব্যাপী শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা-২০২৬' উদ্বোধন করা হয়েছে। গতকাল রোববার বিকাল সাড়ে ৫টায় 'ঢাকা বিশ্ববিদ্যালয় টিচার্স ডা. নিয়াজ আহমদ খান ও ডাকসু ভিপি সাদিক কায়েম কর্তৃক ফিতা কেটে বইমেলার উদ্বোধন ঘোষণা করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে ডাকসু ভিপি সাদিক কায়েম বলেন, 'শহীদ ওসমান হাদি কোনো বক্তৃতা ও বিবৃতির মধ্যেই সীমাবদ্ধ ছিলেন না। তিনি রাজের মাধ্যমে দেখিয়েছেন লড়াইটা তার বিরুদ্ধে। সাংস্কৃতিক বিপ্লবের মাধ্যমে ইনকিলাব মঞ্চের থেকে শুরু করে দেশব্যাপী মানুষের অধিকার কথাগুলো সাহসের সঙ্গে তিনি তুলে ধরেছেন কোনো ভয় বা ঝুঁকি ছাড়াই।' তিনি আরও বলেন, 'স্বাধিপত্যবাদী শক্তি ভেবেছিল ওসমান হাদিকে শহীদ করলে তার আদর্শ নিশ্চিহ্ন হয়ে যাবে। কিন্তু বাস্তবে আজ দেশের প্রতিটি প্রান্তে শহীদ ওসমান হাদি ছড়িয়ে পড়েছেন। শিশু থেকে বৃদ্ধ সবাই বলছে 'আমরা সবাই হাদি হব, যুগে যুগে লড়ে যাব'।

বণিক বার্তা
১৯-১-২০২৬

ঢাবিতে ৫ দিনব্যাপী শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ■ ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও ঢাকা বিশ্ববিদ্যালয় তরুণ কলাম লেখক ফোরামের যৌথ উদ্যোগে পাঁচ দিনব্যাপী শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা গতকাল ছাত্র-শিক্ষক কেন্দ্রের পায়রা চত্বরে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এ বইমেলার উদ্বোধন করেন। অরোরা স্পেশালাইজড হসপিটাল লিমিটেডের সহযোগিতায় এ মেলার আয়োজন করা হয়েছে। ২২টি প্রকাশনা সংস্থার স্টল নিয়ে সাজানো হয়েছে শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা। ১৯-২২ জানুয়ারি বইমেলা চলবে। প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে। বইমেলার পাশাপাশি শহীদ ওসমান হাদিকে স্মরণ করে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

ডাকসু ভিপি সাদিক কায়েমের সভাপতিত্বে ও ঢাবি লেখক ফোরামের সাধারণ সম্পাদক আবিদ হাসান রাফির সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অরোরা স্পেশালাইজড হসপিটাল লিমিটেডের ডা. মো. মাহফুজুর রহমান, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক ও ইনকিলাব মঞ্চ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক ফাতেমা তাসনিম জুমা, বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরামের উপদেষ্টা ও সাবেক সভাপতি আমজাদ হোসেন হৃদয়, ডাকসুর সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মুসাদ্দিক আলী ইবনে মোহাম্মদ, আন্তর্জাতিক সম্পাদক খান মোহাম্মদ জসিম উদ্দিন, সমাজসেবা সম্পাদক এবি জোবায়ের, লেখক ফোরামের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক আব্দুর রহিম, ঢাবি শাখার সভাপতি আশিক খান প্রমুখ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বইমেলা আয়োজনের সঙ্গে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বলেন, 'এ ধরনের উদ্যোগ সমাজের সঙ্গে আমাদের সম্পর্ককে শক্তিশালী করে। শহীদ ওসমান হাদি সর্বদা ন্যায় ও মজলুমের পক্ষে এবং অভিশাসকদের বিরুদ্ধে অবস্থান নিতেন। তার হত্যাকাণ্ড শুধু একজন ব্যক্তিকে নয়, বরং একটি আদর্শকে হত্যা করার অপচেষ্টা। আমরা দ্রুততম সময়ের মধ্যে শহীদ হাদি হত্যার বিচারিক দেখতে চাই।'

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৫ মাঘ ১৪৩২

DU in Media

19 January 2026

নয়া দিগন্ত



ঢাবি টিএসসির পায়রা চত্বরে শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলার উদ্বোধন করেন ডিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

ঢাবিতে ৫ দিনব্যাপী ওসমান হাদি স্মৃতি বইমেলা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও ঢাকা বিশ্ববিদ্যালয় তরুণ লেখক ফোরামের যৌথ উদ্যোগে পাঁচ দিনব্যাপী শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা রোববার ছাত্র শিক্ষক কেন্দ্রের (টিএসসি) পায়রা চত্বরে শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের টিএসসি চত্বরে ডিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এই বইমেলার উদ্বোধন করেন। অরোরা স্পেশালাইজড হাসপিটাল লিমিটেডের সহযোগিতায় এই মেলার আয়োজন করা হয়েছে।

২২টি প্রকাশনা সংস্থার স্টল নিয়ে সাজানো হয়েছে শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা। ১৮ থেকে ৪ কলাম পৃ: ২-এর কলামে

ঢাবিতে ৫ দিনব্যাপী ওসমান

৩য় পৃষ্ঠার পর

২২ জানুয়ারি বইমেলা চলবে। প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে। বইমেলার পাশাপাশি শহীদ ওসমান হাদিকে স্মরণ করে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

ডাকসুর ডিপি সাদিক কায়েমের সভাপতিত্বে ও ঢাবি লেখক ফোরামের সাধারণ সম্পাদক আবিদ হাসান বাপ্পির সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন- অরোরা স্পেশালাইজড হসপিটাল লিমিটেডের ডা. মো. মাহফুজুর রহমান, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক ও ইনকিলাব মঞ্চ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক ফাতেমা তাসনিম জুমা, বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরামের উপদেষ্টা ও সাবেক সভাপতি আমজাদ হোসেন হৃদয়, ডাকসুর সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মুসাদ্দিক আলী ইবনে মোহাম্মদ, আন্তর্জাতিক সম্পাদক খান মোহাম্মদ জসিম উদ্দিন, সমাজসেবা সম্পাদক এবি জোবায়ের, লেখক ফোরামের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক আখুঁ রহিম, ঢাবি শাখার সভাপতি আশিক খান প্রমুখ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বইমেলা আয়োজনের সাথে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বলেন, এ ধরনের উদ্যোগ সমাজের সাথে আমাদের সম্পর্ককে শক্তিশালী করে। তিনি বলেন, শহীদ ওসমান হাদি সকল ন্যায় ও অন্যায়ের পক্ষে এবং ফ্যাসিবাদীদের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন। তার হত্যাকাণ্ড শুধু একজন ব্যক্তিকে নয়, বরং একটি আদর্শকে হত্যার অপচেষ্টা। আমরা দুর্বলতম সময়ের মধ্যে শহীদ হাদি হত্যার শাস্তিচাই দেখতে চাই।

ডাকসু ডিপি সাদিক কায়েম বলেন, শহীদ ওসমান হাদি তার কাজের মাধ্যমে দেখিয়েছেন আমাদের লড়াইটা কাদের সাথে। তারা ভেবেছিল হত্যা করার মধ্য দিয়ে শহীদ ওসমান হাদির যে আদর্শ, যে প্রত্যাশা, যে আকাঙ্ক্ষা সেগুলো মিটিয়ে দিতে পারবে। কিন্তু তারা সেটি পারেনি বরং বিপ্লবটা ছড়িয়ে পড়েছে। এক সুরে সবাই বলছে আমরা সবাই হাদি হবো, যুগে যুগে গড়ে যাব। হাদি ভাইয়ের রক্ত বৃথা যেতে দেব না। আমরা বেঁচে থাকতে তার হত্যাকারীদের বিচার করেই ছাড়ব ইনশাআল্লাহ।

এ ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় লেখক ফোরামের সভাপতি আশিক খান বলেন, এই বইমেলার মূল উদ্দেশ্য হলো ওসমান হাদির জীবন, আদর্শ ও সংগ্রামকে নতুন প্রজন্মের সামনে তুলে ধরা। চিন্তা ও পাঠের মাধ্যমে প্রতিক্রিয়াশীল চেতনাকে দমাতে করা এবং বইকে প্রতিরোধ ও মুক্তচিন্তার কার্যকর হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠা করা।

প্রতিদিনের সংবাদ



ঢাকা বিশ্ববিদ্যালয়ে পায়রা চত্বরে গতকাল পাঁচ দিনব্যাপী শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা উদ্বোধন করেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান ● প্রতিদিনের সংবাদ

যুগান্তর
১৯-১-২০২৬

ঢাবিতে ওসমান হাদি স্মৃতি বইমেলা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও ঢাকা বিশ্ববিদ্যালয় তরুণ কলাম লেখক ফোরামের যৌথ উদ্যোগে এ-দিনব্যাপী ওসমান হাদি স্মৃতি বইমেলা শুরু হয়েছে।

গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্রের (টিএসসি) পায়রা চত্বরে এই মেলা শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান প্রধান অতিথি হিসেবে বইমেলার উদ্বোধন করেন।

২২টি প্রকাশনা সংস্থার স্টল নিয়ে সাজানো হয়েছে ওসমান হাদি স্মৃতি বইমেলা। ১৮ থেকে ২২ জানুয়ারি পর্যন্ত বইমেলা চলবে। প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে। বইমেলার শহীদ ওসমান হাদিকে স্মরণ করে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

ডাকসুর ভিপি সাদিক কায়েমের সভাপতিত্বে ও হাদি লেখক ফোরামের সাধারণ সম্পাদক আরিফ হাসান রাফির সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অরোরা স্পেশালাইজড হসপিটাল লিমিটেডের ডা. মো. মাহফুজুর রহমান, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক ও ইনকিলাব মঞ্চ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক ফাতেমা তাসনিম জুমা, ডাকসুর সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মোসাদ্দিক আলী ইবনে মোহাম্মদসহ ডাকসু নেতারা এ সময় উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বইমেলা আয়োজনের সঙ্গে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বলেন, এ ধরনের উদ্যোগ সমাজের সঙ্গে আমাদের সম্পর্ককে শক্তিশালী করে। তিনি বলেন, শহীদ ওসমান হাদি সর্বদা ন্যায় ও মজলুমের পক্ষে এবং আধিপত্যবাদের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন। তার হত্যাকাণ্ড শুধু একজন ব্যক্তিকে না, বরং একটি আদর্শ হত্যা করার অপচেষ্টা। আমরা দ্রুততম সময়ের মধ্যে শহীদ হাদি হত্যার ন্যায়বিচার দেখতে চাই।

উল্লেখ্য, ২২টি প্রকাশনা সংস্থার স্টল নিয়ে সাজানো হয়েছে শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা। ১৮ থেকে ২২ জানুয়ারি বইমেলা চলবে। প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে।

ঢাবিতে পাঁচ দিনব্যাপী শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা শুরু

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও ঢাকা বিশ্ববিদ্যালয় তরুণ কলাম লেখক ফোরামের যৌথ উদ্যোগে পাঁচ দিনব্যাপী শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা গতকাল রবিবার থেকে ছাত্র শিক্ষক কেন্দ্রের পায়রা চত্বরে শুরু হয়েছে। ঢাবি ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান প্রধান অতিথি হিসেবে এ বইমেলার উদ্বোধন করেন।

অরোরা স্পেশালাইজড হসপিটাল লিমিটেডের সহযোগিতায় এ মেলার আয়োজন করা হয়েছে। ডাকসুর ভিপি সাদিক কায়েমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন অরোরা স্পেশালাইজড হসপিটাল লিমিটেডের ডা. মো. মাহফুজুর রহমান এবং ডাকসুর মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক ও ইনকিলাব মঞ্চ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক ফাতেমা তাসনিম জুমা। ডাকসুর সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মোসাদ্দিক আলী ইবনে মোহাম্মদসহ ডাকসু নেতারা এ সময় উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বইমেলা আয়োজনের সঙ্গে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বলেন, এ ধরনের উদ্যোগ সমাজের সঙ্গে আমাদের সম্পর্ককে শক্তিশালী করে। তিনি বলেন, শহীদ ওসমান হাদি সর্বদা ন্যায় ও মজলুমের পক্ষে এবং আধিপত্যবাদের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন। তার হত্যাকাণ্ড শুধু একজন ব্যক্তিকে না, বরং একটি আদর্শ হত্যা করার অপচেষ্টা। আমরা দ্রুততম সময়ের মধ্যে শহীদ হাদি হত্যার ন্যায়বিচার দেখতে চাই।

উল্লেখ্য, ২২টি প্রকাশনা সংস্থার স্টল নিয়ে সাজানো হয়েছে শহীদ ওসমান হাদি স্মৃতি বইমেলা। ১৮ থেকে ২২ জানুয়ারি বইমেলা চলবে। প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে।

সমকাল



ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে গতকাল রোববার গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২৩ সালের বিএসএস পরীক্ষায় অসাধারণ ফল অর্জন করায় অধ্যাপক সিতারা পারভীন পুরস্কারপ্রাপ্ত ১০ শিক্ষার্থীর সঙ্গে অতিথিরা ● সমকাল

অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ঢাবির ১০ শিক্ষার্থী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের স্নাতক (সম্মান) পরীক্ষায় ভালো ফলাফল করায় ১৪তম ব্যাচের ১০ শিক্ষার্থীকে 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' দেওয়া হয়েছে। গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তাদের হাতে এই পুরস্কার তুলে দেন উপউপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম অতিথি বক্তা হিসেবে বক্তব্য দেন। অধ্যাপক সিতারা পারভীনের সংক্ষিপ্ত জীবনী তুলে ধরেন সহযোগী অধ্যাপক শাওন্তী হায়দার। অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলী ধন্যবাদ জ্ঞাপন করেন। সহকারী অধ্যাপক মার্জিয়া রহমান অনুষ্ঠান সঞ্চালন করেন।

পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন– আজরা জুমায়রা, মুহাম্মদ মুযযাম্মিল হক, আবীর ফেরদৌস অয়ন, কৌরিত্র পোদ্দার তীর্থ, আসরিফা সুলতানা রিয়া, সুমাইয়া জাহান, আফরিনা সুলতানা, বাঁধন দেব, আফরিন জাহান ও মো. রাফিউজ্জামান লাবীব।

অনুষ্ঠানে অধ্যাপক সায়মা হক বিদিশা বলেন, এই পুরস্কার শিক্ষার্থীদের মেধা ও পরিশ্রমের স্বীকৃতি। এই স্বীকৃতি শিক্ষার্থীদের আরও সামনের দিকে এগিয়ে নিতে সহায়ক ভূমিকা পালন করবে।

মাহফুজ আনাম বলেন, স্বাধীন মতপ্রকাশ গণতন্ত্রের অন্যতম ভিত্তি হলেও এর সঙ্গে দায়িত্ববোধ থাকা জরুরি। মতপ্রকাশের অধিকার যেমন মৌলিক, তেমনি সেই মত কতটা তথ্যভিত্তিক, গবেষণালব্ধ ও পক্ষপাতমুক্ত– সেটি নিশ্চিত করাও সমান গুরুত্বপূর্ণ।

প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দীন আহমদের কন্যা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলীর স্ত্রী অধ্যাপক ড. সিতারা পারভীন ২০০৫ সালের ২৩ জুন যুক্তরাষ্ট্রে সড়ক দুর্ঘটনায় নিহত হন।

The Daily Star



A total of 10 meritorious students of the Department of Mass Communication and Journalism of Dhaka University were recognised with the Prof Sitara Parvin Award for their outstanding results. The award ceremony, held in honour of the late Professor Sitara Parvin of the department, was held at the Professor Muzaffar Ahmed Chowdhury Auditorium in the Faculty of Social Sciences yesterday.

PHOTO: STAR

Independent media source of truth when institutions fail

Says Mahfuz Anam; 10 DU students get Prof Sitara Parvin Award

DU CORRESPONDENT

Independent media is the only reliable source of truthful information for a democratic government when other state pillars fail, said Mahfuz Anam, editor and publisher of The Daily Star, yesterday.

The administrative and critical functions of both parliament and the judiciary have gradually been curtailed, limiting their ability to keep the government on the right path, he said while speaking as a guest speaker at an award ceremony held in honour of the late Prof Sitara Parvin of the Department of Mass Communication and Journalism at Dhaka University.

The event took place at the Professor Muzaffar Ahmed Chowdhury Auditorium at the Faculty of Social Sciences.

Anam said, "The ruling party and bureaucracy rarely provide the government with the truth it needs

SEE PAGE 12 COL 1

Independent media source

FROM PAGE 1

to function democratically. Even intelligence agencies fail to convey the reality to the governments."

"If accurate information reached them, many misdeeds could have been avoided. Therefore, only independent press and media can ensure truthful information reaches the government," he added.

Anam also emphasised journalists' ethical responsibilities, saying credibility directly affects public trust.

"Journalists must lead ethics-based lives. You are informing society about its realities. If your personal integrity comes into question, will people still trust you?" he asked.

Regarding the role of editors, he said an editor must never compromise on ethics and should resign if unable to uphold these principles, as public trust largely depends on the editor's values, leadership and the integrity of the media house.

He also said constant dependence on shareholders for staff salaries may eventually interfere with independent journalism.

Speaking as the chief guest, the university's Pro Vice Chancellor (Administration) Prof Sayema Haque Bidisha expressed hope that the recognition would inspire students to further sharpen their excellence in both academia and their careers.

She said underprivileged students at the university benefit greatly from such scholarship programmes.

Expressing gratitude to the members of the Sitara Parvin Award Trust Fund, she said the initiative also help the new generation learn about the work and contributions of previous generations of teachers.

A total of 10 meritorious students of the department were recognised with the award for their outstanding results.

This year's award recipients include Azra Humayra, Muhammad Muctasimul Haque, Abir Ferdous Ayon, Kaushtra Pedder Tirtha, Aarifa Sultana Reya, Sumaiya Jahan, Afrina Sultana, Badhan Dey, Afrin Jahan, and Md Rafeezuman Labib.

Prof Sitara Parvin, daughter of former President Justice Shahabuddin Ahmed and wife of retired MCJ Prof Abaduzzaman Mohammad Ali, died in a road accident on June 23, 2005, in the US.

আজকালের খবর



ঢাবি ও খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য বিভাগের মধ্যে সমঝোতা স্মারক

● নিজস্ব প্রতিবেদক

শিক্ষা ও গবেষণা সহযোগিতা জোরদার করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য বিভাগ এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য ডিসিপ্লিনের মধ্যে দুই বছর মেয়াদি এক সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের কার্যালয়ে এ সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী। অপরদিকে খুলনা বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন ভাস্কর্য ডিসিপ্লিনের প্রধান শান্তনু মন্ডল। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম শেখ, ভাস্কর্য বিভাগের চেয়ারম্যান নাসিমুল খবির, অধ্যাপক লালা রুখ সেলিম, অধ্যাপক এ এ এম কাওসার হাসান, সহযোগী অধ্যাপক মুকুল কুমার বাড়ৈ প্রামানিক ও ছাত্র উপদেষ্টা সৈয়দ তারেক রহমান এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক জাহিদা আক্তার ও সহকারী অধ্যাপক মুন্না রামিজ আফরোজ শাহী উপস্থিত ছিলেন। স্বাক্ষর অনুষ্ঠান শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী আশাবাদ ব্যক্ত করে বলেন, এই সমঝোতা চুক্তির মাধ্যমে উভয় বিশ্ববিদ্যালয় কার্যকর ও বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করবে। যা শিক্ষা ও গবেষণায় তাৎপর্যপূর্ণ অগ্রগতি সাধনে সহায়ক হবে। এই সমঝোতা স্মারকের মূল উদ্দেশ্য হলো, ঢাকা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য বিভাগ এবং খুলনা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য ডিসিপ্লিনের মধ্যে পাঠক্রম ও শিক্ষা পদ্ধতি বিনিময়ের মাধ্যমে উভয় প্রতিষ্ঠানের সার্বিক শিক্ষা কার্যক্রমকে সমৃদ্ধ করা এবং শিক্ষার্থীদের অভিজ্ঞতার পরিসর বৃদ্ধি করা। সমঝোতা চুক্তির আওতায় যৌথভাবে সেমিনার, ইন্টার্নশিপ ও শিল্পকারখানা, কোর্স ও বিষয়ভিত্তিক কর্মশালা, কর্মশালাভিত্তিক প্রদর্শনী, বিষয়ভিত্তিক গবেষণা প্রকল্প বাস্তবায়ন এবং গবেষণা প্রকল্পভিত্তিক প্রদর্শনী আয়োজন করা হবে।

দৈনিক বাংলা
১৯-১-২০২৬

ঢাকা ও খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য বিভাগের সমঝোতা স্মারক সই

শিক্ষা ও গবেষণা সহযোগিতা জোরদারই মূল লক্ষ্য

নিজস্ব প্রতিবেদক

শিক্ষা ও গবেষণা সহযোগিতা জোরদার করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য বিভাগ এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য ডিসিপ্লিনের মধ্যে ২ বছর মেয়াদি এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের কার্যালয়ে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী। অপরদিকে খুলনা বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন ভাস্কর্য ডিসিপ্লিনের প্রধান শান্তনু মন্ডল।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম শেখ, ভাস্কর্য বিভাগের চেয়ারম্যান নাসিমুল খবির, অধ্যাপক লালা রুখ সেলিম, অধ্যাপক এ এ এম কাওসার হাসান, সহযোগী অধ্যাপক মুকুল কুমার বাড়ৈ প্রামানিক ও ছাত্র উপদেষ্টা সৈয়দ তারেক রহমান এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক জাহিদা আক্তার ও সহকারী অধ্যাপক মুন্না রামিজ আফরোজ শাহী উপস্থিত ছিলেন।

স্বাক্ষর শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী আশাবাদ ব্যক্ত করে বলেন, এই সমঝোতা চুক্তির মাধ্যমে উভয় বিশ্ববিদ্যালয় কার্যকর ও বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করবে। যা শিক্ষা ও গবেষণায় তাৎপর্যপূর্ণ অগ্রগতি সাধনে সহায়ক হবে।

এই সমঝোতা স্মারকের মূল উদ্দেশ্য হলো, ঢাকা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য বিভাগ এবং খুলনা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য ডিসিপ্লিনের মধ্যে পাঠক্রম ও শিক্ষা পদ্ধতি বিনিময়ের মাধ্যমে উভয় প্রতিষ্ঠানের সার্বিক শিক্ষা কার্যক্রমকে সমৃদ্ধ করা এবং শিক্ষার্থীদের অভিজ্ঞতার পরিসর বৃদ্ধি করা।

সমঝোতা চুক্তির আওতায় যৌথভাবে সেমিনার, ইন্টার্নশিপ ও শিল্পকারখানা, কোর্স ও বিষয়ভিত্তিক কর্মশালা, কর্মশালাভিত্তিক প্রদর্শনী, বিষয়ভিত্তিক গবেষণা প্রকল্প বাস্তবায়ন এবং গবেষণা প্রকল্পভিত্তিক প্রদর্শনী আয়োজন করা হবে।

The New Nation



MoU signed between DU and KU Sculpture Dept

DU Correspondent

A two-year Memorandum of Understanding (MoU) was signed on Sunday between the Sculpture Department of Dhaka University (DU) and the Sculpture Discipline of Khulna University (KU) at DU's Pro Vice-Chancellor's (Administration) office to strengthen collaboration in education and research. DU Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury signed on behalf of DU, while KU Sculpture Discipline Head Shantanu Mondal signed for KU.

The event was attended by DU Faculty of Fine Arts Dean Professor Dr. Mo. Azharul Islam Sheikh, Sculpture Department Chairman Nasimul Kabir, Professors Lala Rukh Selim and A A M Kauser Hasan, Associate Professor Mukul Kumar Barai, and Student Advisor Syed Tarek Rahman; from KU, Associate Professor Jahida Akter and Assistant Professor Md. Ramiz Afroze Shahi. Following the signing, DU Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury expressed optimism, stating the MoU would enable practical steps for significant progress in education and research.

The agreement aims to enrich both institutions' programs through curriculum and teaching method exchanges, expanding students' experiences; it includes joint seminars, presentations, artist talks, course-based workshops, workshop exhibitions, subject-specific research projects, and research-based exhibitions.

দেশ রুপান্তর

ঢাবিতে আজ 'সংগীত উৎসব'

সভাপতিত্ব করবেন ড. প্রিয়াঙ্কা গোপ



সংবাদ
১৯-১-২০২৬

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ 'সঙ্গীত উৎসব ২০২৬'

